

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৩.২০১৫-১১৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩০
০১ জুন, ২০২৩


বিষয়: রিট পিটিশন নং ৫১৩৯/২০২৩ এর ০৮/৫/২০২৩ আদেশ বাস্তবায়নপূর্বক চাঁদপুর জেলার সদর উপজেলাধীন ফরক্কাবাদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হান্নান মিজি এর এমপিও চলমান রাখার আবেদন।

সূত্র: সহকারী প্রধান শিক্ষক ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, ফরক্কাবাদ উচ্চ বিদ্যালয়, চাঁদপুর সদর, চাঁদপুর এর ১১/০৫/২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন ফরক্কাবাদ উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক বর্তমানে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হান্নান মিজি (ইনডেক্স-৪৪৫৮০০) এর বিরুদ্ধে 'সহকারী শিক্ষক' হিসেবে যোগদান করেও পূর্ব পদের অর্থাৎ করণিক পদের এমপিও গ্রহণ করার অভিযোগ, অতিরিক্ত শ্রেণি শাখা খোলার অনুমতি পাওয়ার পূর্বে নিয়োগ দেওয়ার অভিযোগ, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির রেজুলেশনে জনাব মোঃ হান্নান মিজি নামটি পৃথকভাবে সংযোজনের অভিযোগ এবং জনাব মোঃ রফিক উল্লাহ পাটওয়ারী নির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হওয়া সত্ত্বেও খণ্ডকালীন শিক্ষক হিসেবে কর্মরত রাখার অভিযোগ প্রমাণিত হওয়ায় গত ১৮/০৪/২০২৩ তারিখে তার এমপিও বাতিল করা হয়। জনাব মোঃ হান্নান মিজি ১৮/০৪/২০২৩ তারিখের এমপিও বাতিলের আদেশের বিরুদ্ধে রিট পিটিশন নং ৫১৩৯/২০২৩ দায়ের করেন। রিট পিটিশন নং ৫১৩৯/২০২৩ এর রায় "Pending hearing of the Rule, let the operation of the Memo No. 37.00.0000.074.029.003.2015-94 dated 17.04.2023 issued under the signature of respondent No. 2 (Annexure-N) and the Memo No. 37.02.0000.102.37.006.2022/1268/11 dated 03.05.2023 issued under the signature of the respondent No.4 (Annexure-P-1) be stayed for a period of 06 (six) months from date". পরবর্তীতে মোঃ জাহাঙ্গীর হোসেন কর্তৃক উক্ত আদেশের বিরুদ্ধে CIVIL PETITION FOR LEAVE TO APPEAL NO. 1415/2023 দায়ের করা হয়। CIVIL PETITION FOR LEAVE TO APPEAL NO. 1415/2023 এর রায়ে "দরখাস্তটি না-মঞ্জুর করা হলো। তবে পক্ষদ্বয় হাইকোর্ট বিভাগে মামলাটি শুনানীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে" পারবেন মর্মে আদেশ হয়।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৫১৩৯/২০২৩ এবং CIVIL PETITION FOR LEAVE TO APPEAL NO. 1415/2023 এর আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ সরকার পক্ষে মামলা পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব

ফোন : ৫৫১০০৫১৭

ই-মেইল : nongovt.secondary.sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁদপুর।
৬. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁদপুর।
৮. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৯. জনাব মোঃ হান্নান মিজি, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ফরক্কাবাদ উচ্চ বিদ্যালয়, সদর, চাঁদপুর।
১০. সভাপতি, ফরক্কাবাদ উচ্চ বিদ্যালয়, সদর, চাঁদপুর।